ঠাকুরগাঁওয়ে স্কাউটসের সভাপতি ডিসি ইসরাত ফারজানা, সম্পাদক লুৎফর রহমান মিঠু

শামসুল আলম,ঠাকুরগাঁও- বাংলাদেশ স্কাউটসের ঠাকুরগাঁও জেলা কমিটির ত্রি-বার্ষিক কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়েছে। এতে ঠাকুরগাঁওয়ে জেলা প্রশাসক (ডিসি) ইসরাত ফারজানা সভাপতি এবং ঠাকুরগাঁও প্রেসক্লাবের সভাপতি ও এনটিভির জেলা প্রতিনিধি মো. লুৎফর রহমান মিঠু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সভাকক্ষে ত্রি-বার্ষিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়।

কাউন্সিলে আগামী তিন বছরের জন্য ৩৩ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়। এতে পদাধিকার বলে সভাপতি মনোনীত হন জেলা প্রশাসক ইসরাত ফারজানা। সম্পাদক পদে নির্বাচিত হন মো. লুৎফর রহমান মিঠু।

কমিটির অন্য সদস্যরা হলেন সহসভাপতি মো. জিল্লুর রহমান, মো. ইমাম গাজ্জালী মাসুম, মো. আমিনুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার মো. শাহীন আকতাঁর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোফাজ্জল হোসেন, কমিশনার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা-আইটি) জেসমিন নাহার, কোষাধ্যক্ষ সুচরিতা দেব, যুগ্ম সম্পাদক মো. দিপু হোসেন, লিডার ট্রেনার প্রতিনিধি (স্কাউট) মুহম্মদ জালাল উদ (এলটি), লিডার ট্রেইনার প্রতিনিধি (ক্লাব) মো. ফইজুল ইসলাম (এলটি), সহকারী লিডার টেনার প্রতিনিধি (স্কাউট) মো. ইকবাল হোসেন (এএলটি) ও সহকারী লিডার (ক্লাব) রহিমা খাতুনসহ (এএলটি) স্কাউটস বিধি অনুযায়ী অন্যান্য সব পদে নির্বাচিত করা হয়।

ত্রি-বার্ষিক কাউন্সিলের সভায় বক্তব্য দেন জেলা প্রশাসক ইসরাত ফারজানা, লুৎফর রহমান মিঠু, জেলা শিক্ষা অফিসার মো. শাহীন আকতাঁর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোফাজ্জল হোসেন, বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের সহকারী পরিচালক মো. সৈকত হোসেন, কমিশনার অতিরিক্ত জেলা প্রশাসক জেসমিন নাহার প্রমুখ।

এ সময় নবনির্বাচিত নেতৃবৃন্দ অত্র জেলার স্কাউটিং কার্যক্রম বেগবান করে শিক্ষার্থীদেরকে আদর্শ সু-নাগরিক হিসেবে গড়ে তুলবেন

বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

এর আগে, বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের সহকারী পরিচালক মো. সৈকত হোসেনকে প্রধান করে একটি অ্যাডহক কমিটি গঠন করা হয়।